তারিখ ... ১৬.২.৮৫ ... ...
পৃষ্ঠা... .. ... ...কলাম... ... ...

017

দৈনিক বাংলা

16/2/85 দৈনিক বাংলা


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়


নং-এস:২/১-৮/৮৪/১৮১-এডুকেশন — তারিখঃ ১৪-২-১৯৮৪

# বিষয়ঃ ১৯৮৪ সালের জন্য ইউএসএসআর-এর বৃত্তি

১৯৮৪ সালে শুরু শিক্ষা সেশনে নিম্নলিখিত বিষয়সমূহে অধ্যয়নের নিমিত্ত ইউএসএসআর সরকার কর্তৃক প্রস্তাবিত ৬০টি পোস্ট-গ্র্যাজুয়েট স্কলারশিপের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ—

| বিষয় | স্কলারশিপের সংখ্যা | সর্বনিম্ন যোগ্যতা |
|---|---|---|
| পেডাগগী (শিক্ষক প্রশিক্ষণ) | —৫— | এডুকেশনে ১ম শ্রেণীর মাস্টার ডিগ্রি এবং অবশিষ্ট অন্যান্য সকল পরীক্ষায় কমপক্ষে ২য় শ্রেণী/বিভাগ। কোন পর্যায়েই ৩য় বিভাগ নয়। |
| মেডিসিন | —৫— | এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় ১ম বিভাগসহ এমবিবিএস। |
| সিভিল ইঞ্জিনীয়ারিং | —৫— | এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় প্রথম বিভাগসহ সংশ্লিষ্ট বিষয়ে ১ম শ্রেণীর বিএসসি ডিগ্রি (ইঞ্জিনীয়ারিং/আর্কিটেকচার)। |
| মেকানিক্যাল ইঞ্জিনীয়ারিং | —৫— | |
| ইলেকট্রিক্যাল ইঞ্জিনীয়ারিং | —৫— | |
| কেমিক্যাল ইঞ্জিনীয়ারিং | —৫— | |
| ন্যাভাল ইঞ্জিনীয়ারিং/ ন্যাভাল আর্কিটেকচার | —৬— | |
| ইলেকট্রনিক্স | —৪— | কমপক্ষে ৩টি প্রথম শ্রেণীসহ মাস্টার ডিগ্রি। কোন পর্যায়েই তৃতীয় শ্রেণী নয়। |
| এ্যাগ্রোনমী | —৩— | |
| ভেটেরিনারী সায়েন্স | —৩— | |
| ফিশারীজ | —৪— | |

২। যারা ইতিপূর্বে ইউএসএসআর থেকে গ্র্যাজুয়েট হয়েছেন তাদের ক্ষেত্রে যোগ্যতার পরিমাপের বৃদ্ধি—১০ (এক বছর পর্যন্ত সময়ের জন্য)।

৩। অন্যান্য যাবতীয় ব্যয় ইউএসএসআর সরকার কর্তৃক বহন করা হবে এবং বাংলাদেশ থেকে ইউএসএসআর পর্যন্ত বিমান ভাড়া চূড়ান্ত নির্বাচিত প্রার্থীকেই বহন করতে হবে। ইউএসএসআর এ সাফল্যজনকভাবে অধ্যয়ন শেষ করার পর ইউএসএসআর থেকে বাংলাদেশ পর্যন্ত বিমান ভাড়া সোভিয়েট কর্তৃপক্ষ কর্তৃক বহন করা হবে। প্রার্থীর আইনানুগ অভিভাবককে এই মর্মে একটি নিশ্চয়তা দিতে হবে যে প্রার্থীর (পুরুষ/স্ত্রী) অভিভাবক অথবা প্রার্থী (পুরুষ/স্ত্রী) ইউএসএসআর যাওয়ার বিমান ভাড়া বহন করিবেন এবং সেটা দরখাস্তের সাথে পাঠাতে হবে।

৪। চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে (যেখানে প্রযোজ্য)।

৫। যে সমস্ত ব্যক্তি বৈদেশিক বৃত্তি ভোগ করেছেন এবং বিদেশ থেকে শিক্ষাগত ডিগ্রি অর্জন করেছেন অথচ বিদেশ থেকে ফেরার পর বাংলাদেশে এখন পর্যন্ত কমপক্ষে ৫ বছর চাকরি/অবস্থান করেননি তারা আবেদন করতে পারবেন না। প্রার্থীদের বয়স ১-১-৮৪ তারিখে অবশ্যই ৩৫ বছরের নীচে হতে হবে।

৬। নিম্নলিখিত তথ্যাদি উল্লেখ করে এবং সার্টিফিকেট/মার্কশীট/প্রশংসাপত্র ইত্যাদির সত্যায়িত কপিসহ সাদা কাগজে লিখিত দরখাস্ত নিম্নস্বাক্ষরকারীর নিকট অবশ্যই সর্বশেষ ২২-২-৮৪ তারিখের মধ্যে পৌঁছাতে হবে। প্রার্থিগণ তাদের দরখাস্ত ঢাকাস্থ বাংলাদেশ সচিবালয়ের দ্বিতীয় গেটের রিসেপশন রুমে রক্ষিত কাঠের বাক্সেও ফেলতে পারেন।

৭। অসম্পূর্ণ দরখাস্ত এবং দরখাস্ত গ্রহণের শেষ তারিখের পরে প্রাপ্ত দরখাস্তসমূহ স্বাভাবিকভাবেই বাতিল হয়ে যাবে।

৮। কৃতকার্য প্রার্থীদের নাম ২৬-২-৮৪ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের নোটিশ বোর্ডে টাঙিয়ে দেয়া হবে এবং কৃতকার্য প্রার্থীদেরকে ২৬শে ফেব্রুয়ারী থেকে ২৮শে ফেব্রুয়ারী, ১৯৮৪ তারিখের মধ্যে অবশ্যই ফরম পূরণ করতে হবে।

## ইউএসএসআর বৃত্তির জন্য দরখাস্তের ফরম

১। নাম (বড় অক্ষরে)ঃ

২। পিতা/স্বামীর নামঃ

৩। (ক) জন্ম তারিখঃ

(খ) ১-১-৮৪ তারিখে সঠিক বয়সঃ

৪। টেলিগ্রাম অফিস এবং টেলিফোন থাকলে তা উল্লেখসহ চিঠিপত্র লেখার ঠিকানাঃ

৫। স্থায়ী ঠিকানাঃ

৬। শিক্ষাগত যোগ্যতাঃ

| পরীক্ষা পাস | পাসের বছর | শ্রেণী/বিভাগ | অর্জিত স্থান | প্রাপ্ত নম্বরের শতকরা গড় |
|---|---|---|---|---|

৭। পদবী উল্লেখসহ প্রার্থী (স্ত্রী/পুরুষ) যে প্রতিষ্ঠানে চাকরি করছেন তার নাম (যেখানে প্রযোজ্য)ঃ

৮। অভিজ্ঞতা (যেখানে প্রযোজ্য)ঃ

| যে যে পদে কাজ করেছেন (বর্তমান থেকে শুরু করতে হবে) | প্রতিষ্ঠানের নাম ও তার ঠিকানা | চাকরির সময় থেকে | চাকরির সময় পর্যন্ত | মোট চাকরিকালীন সময় |
|---|---|---|---|---|

৯। যে বিষয়ের জন্য আবেদন করছেন তার নামঃ

১০। তারিখ উল্লেখসহ প্রার্থীর স্বাক্ষরঃ

মোঃ আবুল হোসেন খান,
সেকশন অফিসার।
ফোনঃ ২৩৫১১/৩১০৫

তবম—১৪৪৬(২)(১৪-২)

জি—৬৮৯